

স্মারক নং-২৭.২৬.০০০০.০০৫.০৩.০০৭.২২. ১৩২

তারিখঃ ০৮/০৯/২০২২খ্রিঃ

### বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিপিএল) এ নিম্নোক্ত পদসমূহে লোকবল নিয়োগের লক্ষ্যে গত ০৮/০৩/২০২২খ্রিঃ তারিখে দৈনিক ইত্তেফাক ও The Daily Observer পত্রিকায় “নিয়োগ বিজ্ঞপ্তি” প্রকাশিত হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী নিম্নেবর্ণিত স্থানে লিখিত পরীক্ষা (Written Test) গ্রহণ করা হবেঃ


ক্রম	পদের নাম	লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান
১।	ম্যানেজার (আইসিটি/এমআইএস)	তারিখঃ ২৩/০৯/২০২২খ্রিঃ রোজ শুক্রবার সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা
২।	সহকারী ব্যবস্থাপক (এইচআর/এডমিন/প্রশিক্ষণ/কোম্পানী সেক্রেটারিয়েট)	স্থানঃ নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ ০২, শাহজালাল এভিনিউ, সেক্টর-০৪ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

উল্লেখ্য, লিখিত পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থীদের জন্য পালনীয় সাধারণ নির্দেশনাবলীঃ

- টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক ইস্যুতব্য ইন্টারভিউ কার্ড প্রার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে/ হলে সাথে আনতে হবে এবং দায়িত্ব পালনরত পরিদর্শককে তা প্রদর্শন করতে হবে;
- প্রার্থীকে ০২টি কালো বল পয়েন্ট কলম সাথে আনতে হবে;
- মোবাইল ফোন বা হাত ঘড়িসহ যে কোন ধরনের ইলেকট্রনিক স্টোরেজ ডিভাইস সাথে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে ম্যানুয়াল/ সাধারণ ক্যালকুলেটর আনতে পারবেন;
- প্রার্থীকে পরীক্ষা শুরুর অন্ততঃ ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে;
- ইন্টারভিউ কার্ডে থাকা ছবি এবং মূল আবেদন ফরমের সাথে সংযুক্ত ছবিটি একই ব্যক্তির কিনা তা যাচাই করা হবে;
- কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন/অসদাচরণ করলে, তার বিরুদ্ধে যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক ইস্যুতব্য ইন্টারভিউ কার্ডটি লিখিত ও মৌখিক, উভয় পরীক্ষার জন্য ব্যবহারযোগ্য।

পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

প্রসঙ্গত কোভিড-১৯ হতে সুরক্ষার জন্য সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে লিখিত পরীক্ষা (Written Test) গ্রহণ করা হবে।



মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) অঃদাঃ  
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড